আলোকিত বাংলাদেশ

ঢাবিতে সাঁতার প্রতিযোগিতায় জিয়াউর রহমান হল চ্যাম্পিয়ন

● বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



ছাত্রদের গ্রুপে চ্যাম্পিয়ন মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) আন্তঃহল সাঁতার প্রতিযোগিতায় ছাত্রদের গ্রুপে মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল চ্যাম্পিয়ন হয়েছে। রানার্স-আপ হয়েছে কবি জসীম উদ্দীন হল। একই প্রতিযোগিতায় ছাত্রীদের গ্রুপে শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল চ্যাম্পিয়ন এবং শামসুন নাহার হল রানার্স-আপ হয়েছে। এছাড়া আন্তঃহল ওয়াটার পোলো প্রতিযোগিতায় ছাত্রদের গ্রুপে মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল চ্যাম্পিয়ন এবং শহিদ সার্জেন্ট জহুরুল হক হল রানার্স-আপ হয়েছে। গত শুক্রবার বিশ্ববিদ্যালয়ের সুইমিংপুলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বিশ্ববিদ্যালয়ের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। সাঁতার ও ওয়াটার পোলো কমিটির সভাপতি অধ্যাপক কাজী মোহাম্মদ মাহবুবুর রহমানের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. এএসএম মোস্তফা আল মামুন, কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক এসএম জাকারিয়াসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, আবাসিক শিক্ষক, শিক্ষার্থী ও খেলোয়াড়রা উপস্থিত ছিলেন। দুই দিনব্যাপী এই প্রতিযোগিতায় ছাত্রদের গ্রুপে যৌথভাবে শ্রেষ্ঠ সাঁতারু হয়েছেন মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের শেখ জামিল হাসান ও কবি জসীম উদ্দীন হলের রাকিবুল ইসলাম তুষার। ছাত্রীদের গ্রুপে শ্রেষ্ঠ সাঁতারু হয়েছেন শামসুন নাহার হলের জুয়াইরিয়া ফেরদৌস।

দিনকাল



শিক্ষার্থীদের জন্য ডুয়ার অফিস সব সময় খোলা: দুদু

দিনকাল রিপোর্ট: ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের হল ও বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক যেকোন সময় ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (ডুয়া) সবসময় পাশে থাকবে বলে উল্লেখ করেছেন ডুয়ার আহ্বায়ক ও বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু।

তিনি বলেছেন, যে কোনো প্রয়োজনে আমাদের অফিসে চলে আসবা। ডুয়া সবসময় তোমাদের পাশে থাকবে।

গতকাল শনিবার সকালে অ্যালামনাই ফ্লোরে ডুয়ার বৃত্তি প্রদানের লক্ষ্যে সাক্ষাৎকার গ্রহণ কার্যক্রমের উদ্বোধন সভায় এ কথা বলেন তিনি। তিনি আরো বলেন, এখানে যারা আছে সবাই বৃত্তি পাওয়ার যোগ্য। তোমরা সবাই যোগ্য। ঢাকা ইউ-নিভার্সিটিতে সবাই সুযোগ পায় না। যে কোনো প্রয়োজনে আমাদের অফিসে ▸▸ পৃষ্ঠা ৭ কলাম ১

শিক্ষার্থীদের জন্য ডুয়ার অফিস সব সময়

শেষ পাতার পর

আসবে। ছাত্রদলের সাবেক এই সভাপতি বলেন, তোমাদের চেহারা দেখে মনে হচ্ছে আমি এখনো ঢাবির ছাত্র। কোন সময় হতাশ হবা না কারণ তোমরা ঢাবির ছাত্র, আমরা তোমাদের সঙ্গে আছি। সাক্ষাৎকার অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ডুয়ার সদস্য সচিব আবদুল বারী ডানী, মোস্তাফিজুর রহমান, সিনিয়র সদস্য সৈয়দ আমিনুর রহমান মাইকেল, ডুয়া নিউজের সম্পাদক আবদুস সাত্তার মিয়াজী, সাবেক সংসদ সদস্য নীলোফার চৌধুরী মনি, ডুয়ার সাধারণ সম্পাদক মাহফুজা রহমান চৌধুরী বাবলী, অধ্যাপক জাকির হোসেন জামাল, সুভ্রা দেবনাথ প্রমুখ। গতকাল ৫ জুলাই থেকে অ্যাসোসিয়েশনের অফিসে শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ শুরু হয়। এরপর ৬, ৯, ১০, ১১ ও ১২ জুলাই সাক্ষাৎকার নিবে অ্যালামনাই অ্যাসোসিয়েশন। প্রতিদিন সকাল এগারোটায় সাক্ষাৎকার গ্রহণ শুরু হবে। প্রথম দিন অর্থাৎ ৫ ও ৬ জুলাই আবেদনকারীদের সাক্ষাৎকার শুরু হয়েছে। যেসব শিক্ষার্থীর আবেদনের ক্রমিক নম্বর ১১০৭ থেকে ১২৬৪ তাদের এই দুই দিনে সাক্ষাৎকার নেয়া হবে। এদেরকে 'জ' গ্রুপে আখ্যায়িত করা হয়েছে। ৯ ও ১০ জুলাই তিনধাপে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। ৭৯১ থেকে ৯৪৮ (চ গ্রুপ), ৪৭৫ থেকে ৬৩২ (ঘ গ্রুপ) ও ৩১৭ থেকে ৪৭৪ (গ গ্রুপ) ক্রমিক নাম্বারধারী শিক্ষার্থীদের এই দুই দিনে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। ১১ ও ১২ জুলাইও তিনধাপে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। ৯৪৯ থেকে ১১০৬ (ছ গ্রুপ), ১৫৯ থেকে ৩১৬ (খ গ্রুপ) ও ১ থেকে ১৫৮ (ক গ্রুপ), গ্রুপ (ঙ) ৬৩৩ থেকে ৭৯০ ক্রমিক নাম্বারধারী শিক্ষার্থীদের এই দুই দিনে সাক্ষাৎকার নেয়া হবে বলে জানিয়েছে অ্যালামনাই অ্যাসোসিয়েশন।

মানবকণ্ঠ



জনশূন্য সোহরাওয়ার্দী উদ্যান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদল নেতা শাহরিয়ার আলম সাম্য হত্যাকাণ্ডের পর সোহরাওয়ার্দী উদ্যান থেকে দোকানপাট ও অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। উদ্যানে প্রবেশেও রয়েছে কড়াকড়ি। সেখানকার সব গেট বন্ধ করে দিয়ে ভেতরে চলছে উন্নয়নমূলক কাজ। ফলে সোহরাওয়ার্দী উদ্যান এখন জনশূন্য —মানবকণ্ঠ

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২২ আষাঢ় ১৪৩২

DU in Media

06 july 2025

ইত্তেফাক



সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব 'জগন্নাথের উলটো রথযাত্রা' পালিত হয়েছে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের পলাশী মোড় থেকে তোলা ছবি —সোহেল হায়দার

উলটো রথ টানার মধ্য দিয়ে শেষ হলো সনাতন ধর্মের রথযাত্রা উৎসব

■ ইত্তেফাক রিপোর্ট

৯ দিনব্যাপী সাড়ম্বরে উৎসব শেষে উলটো রথ টানার মধ্য দিয়ে গতকাল শনিবার শেষ হয়েছে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় পার্বণ জগন্নাথ দেবের রথযাত্রা উৎসব। গত ২৭ জুন শুরু হয় এই রথযাত্রা। রাজধানী ঢাকায় আন্তর্জাতিক কৃষ্ণ ভাবনামৃত সংঘ (ইসকন) উলটো রথযাত্রা উপলক্ষ্যে গতকাল বিকালে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করে।

রথযাত্রা উপলক্ষ্যে ঢাকেশ্বরী জাতীয় মন্দিরের মেলা প্রাঙ্গণে এক আলোচনাসভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে উপদেষ্টা বিধান রঞ্জন রায় পোদ্দার। পরে এখান থেকে বর্ণাঢ্য সাজে তিনটি বিশাল রথে জগন্নাথ দেব, শুভদ্রা ও বলরামের প্রতিকৃতিসহ শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রা পলাশীমোড়, জগন্নাথ হল, কেন্দ্রীয় শহিদ মিনার, দোয়েল চত্বর, হাইকোর্ট, জাতীয় প্রেস ক্লাব, পল্টন, বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর গেট, দৈনিক বাংলা মোড়, শাপলা চত্বর, ইত্তেফাক মোড়, টিকাটুলি ও জয়কালী মন্দির হয়ে স্বামীবাগ ইসকন মন্দিরে গিয়ে শেষ হয়।

উলটো রথযাত্রা উপলক্ষ্যে বিভিন্ন ধর্মীয় সংগঠন এবং মন্দির এদিন নানা মাঙ্গলিক অনুষ্ঠানের আয়োজন করে। হিন্দু রীতি অনুযায়ী, প্রতি বছর চন্দ্র আষাঢ়ের

পৃষ্ঠা ২ কলাম ৩

উলটো রথ টানার মধ্য

১৬ পৃষ্ঠার পর

শুক্লপক্ষের দ্বিতীয়া তিথিতে শুরু হয় জগন্নাথ দেবের রথযাত্রা। পুরীর জগন্নাথ দেবের মন্দির থেকে জগন্নাথ দেবের রথযাত্রার প্রচলন হয়। বাংলাদেশেও রথযাত্রা হিন্দুদের একটি পবিত্র উৎসব। ঢাকার ধামরাইয়ে এটি পরিচিত যশোমাধবের রথযাত্রা নামে।

হিন্দু ধর্মীয় বিশ্বাস অনুযায়ী, জগন্নাথ দেব হলেন জগতের নাথ বা অধীশ্বর। তার অনুগ্রহ পেলে মানুষের মুক্তিলাভ হয়। জীব রূপে তাকে আর জন্ম নিতে হয় না। এ বিশ্বাস থেকেই রথের ওপর জগন্নাথ দেবের প্রতিমা রেখে রথযাত্রা করেন সনাতন ধর্মাবলম্বীরা।